# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮২২/ভোলা-১৬১/৭৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ / ০৪ আগস্ট ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করে নতুন কমিটি অনুমোদনের জন্য জনৈক মোহাম্মদ নোমান অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ মিজানুর রহমান একটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হওয়ায় নিজ প্রতিষ্ঠান এবং অত্র মাদ্রাসার শিক্ষা, সামাজিক এবং উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনায় দুটি প্রতিস্ঠানে দায়িত্বে রয়েছেন। উক্ত মাদ্রাসার সুপার অবৈধ নিয়োগ বানিজ্য সম্পন্ন করার জন্য তড়িঘড়ি করে তার ইচ্ছেমত সভাপতি ও সাধারণ শিক্ষক সদস্য দুইজন নির্বাচন করেন। মাদ্রাসা সুপার প্রায়ই মাদ্রাসায় অনুপস্থিত থাকেন ও মাঝে মধ্যে মাদ্রাসায় দেরি করে আসেন এবং তাড়াতাড়ি মাদ্রাসা ত্যাগ করেন। মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ না থাকা সত্বেও দৈনিক পত্রিকায় ল্যাব সহকারী, অফিস সহকারী পদে লোক থাকা সত্বেও অফিস সহকারী পদে নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করা, শিক্ষার্থীদের সঠিকভাবে পাঠদান না করা, সরকার কর্তৃক বরাদ্দকৃত টিউশন ফি সভাপতি ও মাদ্রাসার সুপার দুজনে মিলে ভাগ বাটোয়ারা করে আত্নসাৎ করার চেষ্টা করা, সহকারী মৌলভী মোঃ শাহাদাত হোসেন লোকমান এর সহিত অশোভনীয় আচরণ করা এবং তাকে বিনা কারণে শোকজ করা, পূর্ণাঙ্গ কমিটি পাওয়ার পর তাকে স্থায়ী সাসপেন্ড করার হুশিয়ারী দেয়া বিষয়ে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৪.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮২২/ভোলা-১৬১/ ৭৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ / ০৪ আগস্ট ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, ভোলা;
২. উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা;
৩. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা;
৫. সভাপতি, ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসা, ডাকঘর-নুরাবাদ, চরফ্যাশন, ভোলা;
৬. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসা, ডাকঘর-নুরাবাদ, চরফ্যাশন, ভোলা;
৭. মোহাম্মদ নোমান (অভিযোগকারী), সাং-আহাম্মদপুর, ডাকঘর-নুরাবাদ, চরফ্যাশন, ভোলা;
৮. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

০৪.০৮.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অসিউর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc